



**2019/TDC/ODD/SEM/
BNGHCC-303T/057**

TDC (CBCS) Odd Semester Exam., 2019

BENGALI

(3rd Semester)

Course No. : BNGHCC-303T

(বাংলা আত্মকথা ও প্রবন্ধ)

পূর্ণমান : ৭০
উত্তীর্ণমান : ২৮

সময় : ৩ ঘণ্টা

পাঠ্যসূচী সংখ্যা পূর্ণমান নির্দেশক

ক—বিভাগ

১। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ২×২=৪

✓ (ক) বাংলা সাহিত্যের প্রথম প্রকাশিত আত্মজীবনী কোনটি?
আত্মজীবনীটি কখন প্রকাশিত হয়?

(খ) কী কারণে রাসসুন্দরী লেখাপড়া শিখতে উদ্যোগী হয়েছিলেন?

° (গ) আত্মজীবনীর সংজ্ঞা দাও।



(2)

২। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও :

১০

(ক) রাসসুন্দরীর 'আমার জীবন' সমাজ ইতিহাসের মূল্যবান উপাদান—আলোচনা করো।

(খ) উনিশ শতকের শিক্ষা প্রসঙ্গ বিশেষত নারীশিক্ষা প্রসঙ্গটি রাসসুন্দরীর আত্মকথায় ঘুরে ফিরে এসেছে—তোমার নিজের ভাষায় বিষয়টি লিপিবদ্ধ করো।

খ—বিভাগ

৩। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :

২×২=৪

(ক) 'আপনকথা' কী ধরনের গ্রন্থ? 'আপনকথা'র লেখক কে?

(খ) লেখক 'আপনকথা'কে কয়টি শিরোনামে বিন্যস্ত করেছেন? যে কোনো একটি শিরোনামের উল্লেখ করো।

(গ) পদ্মদাসীর পরিচয় দাও।

৪। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও :

১০

(ক) "যারা কেবল শুনতে চায় আপনকথা,.... সেই শিশু-জগতের সত্যিকার রাজা-রাণী, বাদশা-বেগম তাদেরই জনো আমার এই লেখা পাতা ক'খানা।" লেখকের বক্তব্য পাঠ্যবই অবলম্বনে আলোচনা করো।

(খ) 'আপনকথা'র অন্তর্ভুক্ত যে কোনো দুটি শীর্ষনাম-কেন্দ্রিক অধ্যায়ের নির্যাস নিজের ভাষায় লিপিবদ্ধ করো।



(3)

গ—বিভাগ

৫। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ২×২=৪

✓ (ক) প্রমথ চৌধুরীর ছদ্মনাম কী? প্রমথ চৌধুরী সম্পাদিত পত্রিকার নাম কী?

(খ) টীকা লেখো : ভারতচন্দ্র।

✓ (গ) “এ দেশে লাইব্রেরির সার্থকতা হাসপাতালের চাইতে কিছু কম নয় এবং স্কুল, কলেজের চাইতে কিছু বেশী।” উদ্ধৃত পঙক্তিটি কোন্ প্রবন্ধের অন্তর্গত? প্রবন্ধটি কবে প্রকাশিত হয়?

৬। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ১০

✓ (ক) প্রমথ চৌধুরীর মতে সাহিত্যের উদ্দেশ্য কী? ‘সাহিত্যে খেলা’ প্রবন্ধে অবলম্বনে আলোচনা করো।

(খ) ‘ভারতচন্দ্র’ প্রবন্ধে প্রমথ চৌধুরী ভারতচন্দ্রের যে মূল্যায়ন করেছেন তার একটা সংক্ষিপ্ত প্রতিবেদন প্রস্তুত করো।

ঘ—বিভাগ

৭। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ২×২=৪

✓ (ক) দু’শ বছরের বাংলা প্রবন্ধ সাহিত্যের অন্তর্গত ‘মধুসূদনের রাজসিকতা’ প্রবন্ধটির লেখক কে? মধুসূদনের লেখা মহাকাব্য কোনটি?



(4)

(খ) তোমার পাঠ্য-তালিকাভুক্ত সৈয়দ মুজতবা আলীর লেখা প্রবন্ধটির শীর্ষনাম কী? বাইবেল শব্দের অর্থ কী?

(গ) টীকা লেখো : বীঠোফেন অথবা শেঞ্জপীয়র।

৮। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও :

১০

(ক) 'শিল্পকলার কথা' প্রবন্ধে অবলম্বনে আর্টের সংজ্ঞা, স্বরূপ ও উপকরণ নিয়ে আলোচনা করো।

(খ) 'বই কেনা' প্রবন্ধে বইপড়া, বই কেনার উপর লেখকের উপলব্ধ ভাবনার নির্যাস নিজের ভাষায় লিপিবদ্ধ করো।

ঙ—বিভাগ

৯। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :

২×২=৪

(ক) 'অবরোধবাসিনী' কাকে উৎসর্গ করেছেন রোকেয়া?
'অবরোধবাসিনী'তে মোট কয়টি কাহিনি রয়েছে?

(খ) 'অবরোধবাসিনী' গ্রন্থের প্রবন্ধগুলো ধারাবাহিকভাবে কোন পত্রিকায় প্রকাশিত হয়েছিল এবং গ্রন্থাকারে কত সালে প্রকাশিত হয়?

(গ) রোকেয়ার পুরো নাম কী? বেগম রোকেয়া প্রতিষ্ঠিত বালিকা বিদ্যালয়ের নাম লেখো।